



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।  
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৩

১২ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ

তারিখঃ -----

২৬ জুন ২০১৬ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ ০২ ও ০৩ জুলাই ২০১৬ তারিখ খোলা রাখা প্রসঙ্গে

আসন্ন ঈদ-উল-ফিতর এর পূর্বে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, কুমিল্লা, ময়মনসিংহ ও টাঙ্গাইল-এ অবস্থিত পোশাক শিল্প এলাকার তফসিলি ব্যাংকের শুধুমাত্র তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ০২ জুলাই ২০১৬ তারিখ শনিবার এবং ০৩ জুলাই ২০১৬ তারিখ রবিবার খোলা রাখার নির্দেশনা দেয়া হ'ল।

০২। ০২ ও ০৩ জুলাই ২০১৬ তারিখ ছুটির দিন হওয়ায় ঐদিনগুলোতে অফিসের কাজে যোগদানকারী কর্মকর্তা/কর্মচারীদেরকে যুক্তিসংগত ভাতা প্রদানের জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। ০৭/১২/২০০৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ মোতাবেক বর্তমানে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরস্থ বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ প্রতি শুক্রবার ও শনিবার এবং দেশের অপরাপর স্থানে অবস্থিত বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ শনিবার স্বীয় বিবেচনায় খোলা রাখার নির্দেশনা বহাল থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২০৭